



বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়।

[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

নং- ১৭.০৫.৪৪০০.০০০.৩৮.০১০.২০-৪৬২

তারিখঃ ০২ ডিসেম্বর ২০২০

**গণ-বিজ্ঞপ্তি**

যেহেতু, মাননীয় নির্বাচন কমিশন এতদ্বারা স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী পৌরসভাসমূহের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করিয়া প্রজ্ঞাপন জারি করিয়াছে:

(ক)	মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২০ ডিসেম্বর ২০২০ ০৫ পৌষ ১৪২৭	রবিবার
(খ)	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২২ ডিসেম্বর ২০২০ ০৭ পৌষ ১৪২৭	মঙ্গলবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৯ ডিসেম্বর ২০২০ ১৪ পৌষ ১৪২৭	মঙ্গলবার
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	১৬ জানুয়ারি ২০২১ ০২ মাঘ ১৪২৭	শনিবার

০২। এক্ষণে, সেহেতু, আমি মোঃ রোকুনুজ্জামান, জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ ও রিটার্নিং অফিসার, শৈলকুপা পৌরসভা নির্বাচন উক্ত বিধিমালায় বিধি ১১ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করিতেছি যে, শৈলকুপা পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয় (জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, ঝিনাইদহ) এ এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় (উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ) এ আগামী ২০ ডিসেম্বর ২০২০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত গ্রহণ করা হইবে।

০৩। সকল ভোটকেন্দ্রে নির্ধারিত তারিখে সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(মোঃ রোকুনুজ্জামান)

জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ

ও

রিটার্নিং অফিসার

শৈলকুপা পৌরসভা নির্বাচন

তারিখঃ ০২ ডিসেম্বর ২০২০

স্থানঃ জেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়, ঝিনাইদহ।

তারিখঃ ০২ ডিসেম্বর ২০২০ খ্রিঃ।

নং- ১৭.০৫.৪৪০০.০০০.৩৮.০১০.২০-৪৬২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৫। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৭। পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ৮। মেয়র, শৈলকুপা পৌরসভা, ঝিনাইদহ।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
- ১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঝিনাইদহ।
- ১১। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ (তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট পৌরসভা এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিবগণ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
- ১৪। উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ (তাকে উক্ত বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ে এবং আওতাধীন এলাকার গুরুত্বপূর্ণ স্থানে টানানো এবং ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৫। অফিসার ইনচার্জ, শৈলকুপা থানা, ঝিনাইদহ।
- ১৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
- ১৭। সচিব, শৈলকুপা পৌরসভা, ঝিনাইদহ (তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড ও গুরুত্বপূর্ণ স্থানসমূহে টানানো এবং ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, ঝিনাইদহ।
- ১৯। নোটিশ বোর্ড।
- ২০। অফিস কপি।

জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ

ও

রিটার্নিং অফিসার

শৈলকুপা পৌরসভা নির্বাচন